দৈনিক ইত্তেফাক

তারিখ 18 MAR 1989
পৃষ্ঠা ... 3 ... কলাম 5

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

20

## বইপুস্তক খুলিয়া মহানন্দে পরীক্ষা দান

মীর্জাগঞ্জ (পটুয়াখালী)—সংবাদদাতার তার : মীর্জাগঞ্জ মাদ্রাসা কেন্দ্রে গত ১২ই মার্চ দাখিল পরীক্ষা চলাকালে পরিদর্শকদের সামনে বই-পুস্তক খুলিয়া মহাআনন্দে পরীক্ষা দেয়। এদিন স্থানীয় প্রশাসনের কেহই পরীক্ষাকেন্দ্রে উপস্থিত ছিলেন না। পরীক্ষার্থীরা বিনাদ্বিধায় এই সুযোগের সদ্ব্যবহার করে।

উল্লেখ্য, স্থানীয় প্রশাসনের নির্দেশে উক্ত পরীক্ষার প্রথম ও

(৪র্থ পৃঃ দ্রঃ)

## বই-পুস্তক খুলিয়া

( ৩য় পৃঃ পর )

দ্বিতীয় দিনে পরীক্ষার্থীদের দেহ তল্লাশি করিয়া অর্ধবস্তা কাগজপত্র উদ্ধার করা হয়। এছাড়া ৬ জনকে নকল করার অভিযোগে বহিষ্কার করা হয়।

### ৩ দিনে ৯ জন বহিষ্কার

শরীয়তপুর সংবাদদাতার তার : গত ৩ দিনে শরীয়তপুর জেলার বিভিন্ন দাখিল পরীক্ষা কেন্দ্র হইতে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে ৯ জনকে বহিষ্কার করা হয়। এছাড়া গত ৯ই মার্চ ডামুড্যা সিনিয়র আলিয়া মাদ্রাসা কেন্দ্র হইতে কোরান পরীক্ষার দিনে নকল করার অভিযোগে ২ জনকে বহিষ্কার করা হয়।